তাগিদপত্র-২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-০১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৬.১৮.১৬০.২০২০- ১৫৪

তারিখ: ১৮ শ্রাবণ ১৪২৯।
০২ আগস্ট ২০২২।

**বিষয়: মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধনের লক্ষ্যে মুজিব শতবর্ষে ভূমিহীন ও গৃহহীনদের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে গৃহ নির্মাণের অগ্রগতির তথ্য প্রেরণ।**

সূত্র-০১: স্থানীয় সরকার বিভাগের উপজেলা-০১ শাখা'র স্মারক নং-১১; তারিখ: ০৪ জানুয়ারি ২০২১।
সূত্র-০২: স্থানীয় সরকার বিভাগের উপজেলা-০১ শাখা'র স্মারক নং-৪৩৮; তারিখ: ১৭ জুন ২০২১।
সূত্র-০৩: স্থানীয় সরকার বিভাগের উপজেলা-০১ শাখা'র স্মারক নং-০৭; তারিখ: ২০ জানুয়ারি ২০২২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগ থেকে গত ০৪ জানুয়ারি ২০২১ তারিখে ১১ নং স্মারকের মাধ্যমে মুজিব শতবর্ষে দেশের সকল ভূমিহীন ও গৃহহীনদের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে গৃহ নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। সূত্রোস্থ-০২ নং স্মারকে মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসারকে (সকল) ও সূত্রোস্থ-০৩ নং স্মারকে অগ্রগতি প্রতিবেদন প্রদানের জন্য উপপরিচালক, স্থানীয় সরকার (সকল) কে অনুরোধ করা হয়। কিন্তু উক্ত অগ্রগতি প্রতিবেদন অদ্যবধি পাওয়া যায়নি।

০২। ভূমিহীন ও গৃহহীনদের জন্য গৃহ নির্মাণের বিষয়ে গত ২৮ এপ্রিল ২০২২ তারিখে যুগ্মসচিব (উপজেলা অধিশাখা) এর সভাপতিত্বে উপপরিচালক, স্থানীয় সরকার (সকল) নিয়ে ভার্চুয়াল সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক) মুজিব শতবর্ষে দেশের সকল ভূমিহীন ও গ্রহহীনদের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে নির্মিত গ্রহের **সুবিধাভোগীদের নিয়ে স্থির চিত্রসহ** ১৫ মে ২০২২ তারিখের মধ্যে তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

০৩। উল্লেখ্য যে, **আগামী ২৬ আগস্ট ২০২২ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী মুজিব শতবর্ষে ভূমিহীন ও গৃহহীনদের ঘর হস্তান্তরের উদ্বোধন করবেন।** সে উপলক্ষ্যে ভূমিহীন ও গৃহহীনদের জন্য গৃহ নির্মাণের বিষয়ে তথ্য প্রয়োজন।

০৪। এমতাবস্থায়, মুজিব শতবর্ষে দেশের সকল ভূমিহীন ও গৃহহীনদের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে গৃহ নির্মাণ প্রকল্পের অগ্রগতি প্রতিবেদন **(সুবিধাভোগীদের নিয়ে স্থির চিত্রসহ)** নিম্নোক্ত ছক মোতাবেক সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনারের মাধ্যমে **১০ আগস্ট ২০২২ তারিখের** মধ্যে বিশেষ বাহক মারফত/ই-মেইল যোগে (uz1lgd@gmail.com/lgdupazila1 @lgd.gov.bd) জরুরি ভিত্তিতে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

| ক্রমিক নং | সুবিধাভোগী ব্যক্তির নাম, পিতা ও মাতার নাম | ঠিকানা | মোবাইল নম্বর | নির্মিত গৃহ হস্তান্তরের তারিখ | ইতোমধ্যে গৃহ হস্তান্তর করা না হলে হস্তান্তরের সম্ভাব্য তারিখ |
|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ |
| | | | | | |

০৪। বিষয়টি অতীব জরুরি।

02/08/2022
মমতাজ বেগম
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২-২২৩৩৮২২৪৭
Email-lgdupazila1@lgd.gov.bd

উপপরিচালক, স্থানীয় সরকার (সকল)
................................ জেলা।

E:\Zamir\S Ahmed\All Documents\Zamir Ahmed\General\Letter .doc 134

স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৬.১৮.১৬০.২০২০- ৯৫৪/৯(০৬)

তারিখ: ১৮ শ্রাবণ ১৪২৯। / ০২ আগস্ট ২০২২।

অনুলিপি (জ্ঞাতার্থে):

০১। বিভাগীয় কমিশনার, (সকল),................ জেলা।
০২। জেলা প্রশাসক (সকল), ..................... জেলা।
০৩। চেয়ারম্যান (সকল),.............................উপজেলা পরিষদ,................... জেলা।
০৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল),........................উপজেলা,...................... জেলা।
০৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান (সকল),..............উপজেলা পরিষদ,............. জেলা।
০৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

02/08/2022
মমতাজ বেগম
সিনিয়র সহকারী সচিব